গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
১৩৮,টি টি ডি সি পাড়া, ভায়না
জেলা কার্যালয়, মাগুরা
www.bfsa.magura.gov.bd

**৩০ অক্টোবর তারিখে অনুষ্ঠিত জেলা নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা সমন্বয় কমিটির ২য় সভার কার্যবিবরণী।**

সভাপতি : ড. আশরাফুল আলম
জেলা প্রশাসক, মাগুরা
সভার তারিখ ও সময় : ৩০ অক্টোবর ২০২২, সকাল ১১.৩০ টা
সভার স্থান : জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, মাগুরা
উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট “ক”

বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ জেলা কার্যালয়, মাগুরা কর্তৃক জেলা নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা সমন্বয় কমিটির সভার শুরুতে উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে নিরাপদ খাদ্য অফিসার ও সদস্য সচিব জেলা নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা সমন্বয় কমিটি মাগুরা গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান; কোন সংশোধোনী না থাকায় তা সর্বসম্মতভাবে গৃহিত হয়। গত সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অগ্রগতি এবং অন্যান্য বিষয়ে আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র নং | বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১ | ফলমূল এবং শাক- সবজিতে ফরমালিন ব্যবহার সংক্রান্ত ভ্রান্ত ধারণা দূরীকরণ। | অনেকের ধারণা ফলমূল এবং শাক-সবজিতে ফরমালিন ব্যবহার করে বিধায় দীর্ঘদিন নষ্ট হয়না। ফরমালিন মূলত প্রোটিনের উপর ক্রিয়া করে যা ফলমূল এবং শাক- সবজিতে অনুপস্থিত থাকে। এ বিষয়টি লিফলেট, ফেস্টুন, ব্যানার, মাইকিং, প্রিন্ট এবং ইলেকট্রনিক মিডিয়ায় প্রচার প্রচারণার মাধ্যমে জনসাধারণকে সচেতন করতে হবে। | নিরাপদ খাদ্য অফিসার। |
| ২ | বিশুদ্ধ এবং ভেজাল মধু সংক্রান্ত সময়োপযোগী আলোচনা। | যারা কম দামে মধু বিক্রি করে তাদের মধুতে ভেজাল আছে কিনা তা তদারকি এবং বিক্রয় বন্ধ করার বিষয়ে আলোচনা হয়। বিষয়টি সহকারী পরিচালক জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, মাগুরা এবং নিরাপদ খাদ্য অফিসার, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ জেলা কার্যালয়, মাগুরা সম্মিলিতভাবে সুরাহা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর/ নিরাপদ খাদ্য অফিসার। |
| ৩ | সুপারশপে থার্মাল পেপার, প্লাস্টিকের পট, পলিথিন এবং পাটের বস্তার সুনির্দিষ্ট ব্যবহার বিষয়ক আলোচনা। | সহকারী পরিচালক এন এস আই সুপার শপে খাদ্য পণ্য বিক্রির জন্য যে থার্মাল পেপার এবং প্লাস্টিকের পট ব্যবহার করা হয় তা কতটুকু নিরাপদ এবং এ বিষয়ে সকল সেক্টরকে এক সাথে কাজ করা ও নিরাপদ খাদ্য অফিসারকে সার্বিক সহযোগিতা করার বিষয়ে আলোচনা করেন। ফুড গ্রেড প্লাস্টিক পট ব্যবহার করার কথা বলেন। জেলা খাদ্য নিয়ন্ত্রক বলেন কোন খাদ্য পণ্য ৫ কেজি এর উপরে হলে পাটের বস্তা ব্যবহার করতে হবে। পলিথিন ব্যবহারের পর যথাযথ উপায়ে এটা বিনষ্ট করতে হবে। এ সকল বিষয়ে মনিটরিং এর | নিরাপদ খাদ্য অফিসার। |

| | | | |
|---|---|---|---|
| | | অভিযুক্তদের জবাবদিহিতার আওতায় আনয়নের ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ৪ | খাদ্যর নিরাপদতা আনয়নের নিমিত্তে জনসচেতনতামূলক প্রচার কার্যক্রম। | খাবারের নিরাপদতা রক্ষায় জনগণকে সচেতন করার লক্ষ্যে খাদ্য ব্যবসায়ী ও ভোক্তাদের মধ্যে লিফলেট বিতরণ করতে হবে ও বিলবোর্ড, ফেস্টুন এবং মাইকিং এর মাধ্যমে বহুল প্রচার প্রচারণা করতে হবে। গ্রাম পর্যায়ে উঠান বৈঠক করতে হবে। খাদ্য নিরাপদতার ব্যাপারে কমিটির সদস্যদের অন্তর্ভুক্ত করতে হবে। | নিরাপদ খাদ্য অফিসার। |
| ৫ | মনিটরিং কার্যক্রম ও মোবাইলকোর্ট পরিচালনা। | হোটেল রেস্তোরা ও বাজার মনিটরিং জোরদারকরণে প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করা হয়। বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট জেলা প্রশাসন, মাগুরা; জেলা মার্কেটিং অফিসার, মাগুরা; সহকারী পরিচালক জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, মাগুরা এবং নিরাপদ খাদ্য অফিসার বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ জেলা কার্যালয়, মাগুরা (টেকনিক্যাল সাপোর্ট এর জন্য ) সমন্বয়ে মোবাইলকোর্ট পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | নিরাপদ খাদ্য অফিসার, জেলা মার্কেটিং অফিসার জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর এবং জেলা প্রশাসন, মাগুরা। |
| ৬ | খাদ্য উৎপাদনে ক্ষতিকর খাদ্য উপকরনের ব্যবহার পরিহারকরণ ও মনিটরিং এর পরিধি বিস্তৃতকরণ। | নিরাপদ খাদ্য অফিসার, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ জেলা কার্যালয়, মাগুরা বলেন পথ খাবার যেমন ফুচকা, চটপটি এবং ঝালমুড়ি তৈরিতে মনোসোডিয়াম গ্লুটামেট ও রক সল্ট জাতীয় টেস্টিং সল্ট ব্যবহার যতটা না ক্ষতিকর (তবে মাত্রাতিরিক্ত ব্যবহার করা যাবেনা)পাউরুটি ও কেক জাতীয় খাবারে পটাশিয়াম ব্রোমেট ব্যবহার তার চেয়ে বেশি ক্ষতিকর। এমন কি হলুদের গুড়া, মরিচের গুড়াতে (লেড ও ক্রোমিয়াম) জাতীয় ক্ষতিকর রাসায়নিক রং মেশানো অত্যন্ত বেশি বিপদজনক। এ সকল বিষয়ে মনিটরিং- এ গুরুত্ব আরোপিত হয়। | নিরাপদ খাদ্য অফিসার। |
| ৭ | কৃষি ফসল উৎপাদনে রাসায়নিক সার ও কীটনাশক পরিহারকল্পে সঠিক এবং প্রকৃত তথ্য প্রচার। | উপপরিচালক কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মাগুরা বলেন বর্তমানে কৃষকেরা নিরাপদ কৃষি ফসল উৎপাদনে GAP মেথড অনুসরণ করে আসছে। শাক-সবজিতে কীটনাশক পূর্বে ৮১ বার স্প্রে করা হতো, এখন ৩০ বার স্প্রে করা হয়। আগের কীটনাশক ব্যান (Ban) করে বর্তমানে পরীক্ষিত কীটনাশক ব্যবহার করা হয়। বর্তমানে পোকা- মাকর দমনে টক্সিন নিয়ে গবেষণা হচ্ছে। রাসায়নিক সার প্রয়োগের ভুল ধারণা এবং টমেটো ও কলা পাকানোর রাইপেন হরমোন ব্যবহারের ভুল ধারণা থেকে সরে আসতে হবে। সর্বোপরি তিনি বলেন ফলমূল এবং শাক- সবজি ৩০ মিনিট ফ্রেশ পানিতে ডুবিয়ে রাখতে হবে। | নিরাপদ খাদ্য অফিসার এবং উপপরিচালক কৃষি সম্প্রসারন অধিদপ্তর, মাগুরা। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে ও সকলের সুস্বাস্থ্য কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩০/১০/২০২২

ড. আশরাফুল আলিম
জেলা প্রশাসক
মাগুরা
ও
সভাপতি
জেলা নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা সমন্বয় কমিটি, মাগুরা

স্মারক নং: ১৩.০২.৫৫০০.০০১.০৬.০০২.২২.১১৭ তারিখ: ৩০ অক্টোবর ২০২২ খ্রি.

**বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. সচিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
২. পিএস টু সচিব, খাদ্য মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. পুলিশ সুপার,মাগুরা।
৪. সিভিল সার্জন, মাগুরা।
৫. উপ পরিচালক, কৃষি সম্প্রাসারণ অধিদপ্তর, মাগুরা।
৬. মেয়র,মাগুরা পৌরসভা, মাগুরা/ / জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মাগুরা/ জেলা মৎস কর্মকর্তা, মাগুরা/ নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মাগুরা/ উপ-পরিচালক/সহকারী পরিচালক, পরিবেশ অধিদপ্তর, মাগুরা/ জেলা খাদ্য নিয়ন্ত্রক, মাগুরা/ সহকারী পরিচালক, এনএসআই, মাগুরা/ সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, মাগুরা/ সভাপতি, জেলা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ, মাগুরা/ জেলা পরিষদ চেয়ারম্যানের প্রতিনিধি/ সভাপতি, জেলা কনজিউমারস এ্যাসোসিয়েশন (CAB), মাগুরা/ জনাব আল মামুন রমজান ,সভাপতি, বেকারী মালিক সমিতি, মাগুরা/ জনাব আমিরুল ইসলাম, সাংগঠনিক সম্পাদক, মাগুরা চাউল আড়ৎদার সমিতি, মাগুরা/ জনাব মওলানা মোঃ মোখলেছুর রহমান, প্রোপাইট্রর,মা=মৌ খামার,ইছাখাদা নতুন বাজার,মাগুরা/ জনাব মোঃ রিজু আহমেদ, ড্রাগন বাগান মালিক,গাংনী,মাগুরা সদর,মাগুরা/ জনাব বিপ্লব বুদ্র, প্রোপাইটর- বুদ্র ষ্টোর, নতুন বাজার, মাগুরা/ জনাব অমরেন্দ্রনাথ মৌলিক চ্যাটার্জী, প্রোপাইটর-ধানসিড়ি,মাগুরা/ জনাব বাসুদেব কুন্ডু তাতী পাড়া, মাগুরা/ জনাব শরীফ তেহরান আলম টুটুল, ম্যাটারনিটি পাড়া, মাগুরা, ৭১ টিভি/মানব কন্ঠ।
৭. ..........................................................।
৮. পিএস টু চেয়ারম্যান, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯. গোপনীয় সহকারী জেলা প্রশাসকের কার্যালয়, মাগুরা ( জেলা প্রশাসক, মাগুরা মহোদয়ের সদয় অবগতির জন্য)
১০. অফিস কপি ।

তন্ময় দেবনাথ
৩০-১০-২০২২

তন্ময় দেবনাথ
নিরাপদ খাদ্য অফিসার
ও সদস্য সচিব
জেলা নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা সমন্বয় কমিটি
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
জেলা কার্যালয়, মাগুরা
মোবাইল: ০১৭৮৫৬৯৯৩৭৪
ইমেইলঃ fso.magura@bfsa.gov.bd